

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা  
www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার নং- ২২

তারিখ :

১৮ মাঘ, ১৪২৫  
৩১ জানুয়ারী, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
ব্যাংক, বীমাকারী, আর্থিক প্রতিষ্ঠান, মানিচেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী  
বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, স্টক ডিলার, স্টক ব্রোকার,  
পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটিজ কাস্টডিয়ান,  
সম্পদ ব্যবস্থাপক এবং বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা  
পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান।

তথ্য বিনিময় সংক্রান্ত নির্দেশনা জারিকরণ প্রসঙ্গে।

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে ব্যাংক, বীমাকারী, আর্থিক প্রতিষ্ঠান, মানিচেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, স্টক ডিলার, স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটিজ কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক এবং বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক নিজেদের মধ্যে তথ্য বিনিময়ের নিমিত্তে অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারি করা হলো :

২। নিজেদের মধ্যে তথ্য বিনিময়:

উল্লিখিত রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহ নিজেদের মধ্যে গোপনীয়তার শর্ত পরিপালন সাপেক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, প্রয়োজ্য ক্ষেত্রে ক্রেসপন্ডেন্ট ব্যাংকিং, ওয়্যার ট্রান্সফার ও তৃতীয় পক্ষ হতে গৃহীত সেবার ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাদি বিনিময় করবে। তবে উক্ত তথ্য বর্ণিত উদ্দেশ্য ব্যতিরেকে অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

৩। এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)  
মহাব্যবস্থাপক ও অপারেশনাল হেড  
ফোনঃ ৯৫৩০১১৮

